প্রধান সহকারী, সংশ্লিষ্টদের অবহিতকরনের ব্যবস্থা নিন।

পিজিডি ইন আইসিটি প্রোগ্রাম
মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
সন্তোষ, টাঙ্গাইল- ১৯০২।

২২.১০.২০২৫
অধ্যক্ষ
সরকারি সা'দত কলেজ
করটিয়া, টাঙ্গাইল।

সূত্র ঃ মাভাবিপ্রবি /পিজিডি /বিজ্ঞপ্তি/ তারিখ ঃ ২০/১০/২০২৫

বরাবর

অধ্যক্ষ
সরকারী সা'দত বিশ্ববিদ্যালয় কলেজ
করটিয়া, টাঙ্গাইল

বিষয় ঃ <u>পিজিডি ইন আইসিটি প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।</u>

জনাব,
অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে এক বছর মেয়াদি পোষ্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ইনফরমশেন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (পিজিডি ইন আইসিটি) প্রোগ্রাম ২০০৭ সাল থেকে পরিচালিত হয়ে আসছে। স্মার্ট বাংলাদেশ নির্মাণের লক্ষে সকল কার্যক্রম আইসিটি নির্ভর হচ্ছে। এজন্য, পিজিডি ইন আইসিটি প্রোগ্রামের মাধ্যমে প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও মানবসম্পদের উন্নয়ন করা আবশ্যক। ইতিমধ্যে, এই পিজিডি ইন আইসিটি কোর্স সম্পন্ন করে শিক্ষার্থীবৃন্দ সরকারী/বেসরকারী কলেজের প্রভাষক, হাইস্কুল/প্রাইমারী স্কুলের শিক্ষক, বিভিন্ন ব্যাংকের (সোনালী, জনতা, কৃষি, অগ্রণী, ইউসিবি, যমুনা) কর্মকর্তা ও আইটি অফিসার, স্বরাস্ট্র মন্ত্রণালয় (র‌্যাব/পুলিশ), অনন্য সকল মন্ত্রাণালয়ে (সহকারী প্রোগ্রামার), সরকারি অফিসসমূহ, যুব উন্নয়ন অধিদপ্তরের ট্রেইনার হিসেবে কর্মরত আছেন ।

এই প্রেক্ষিতে, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পোষ্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (পিজিডি ইন আইসিটি) প্রোগ্রামে ১৩ তম ব্যাচ ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে (ভর্তি বিজ্ঞপ্তি সংযুক্ত)। স্মার্ট বাংলাদেশ নির্মাণে মানবসম্পদ উন্নয়নের জন্য ভর্তি বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

(প্রফেসর ড. মুহাম্মদ বদরুল আলম মিয়া)
কোর্স কো-অর্ডিনেটর
পিজিডি ইন আইসিটি প্রোগ্রাম
মাভাবিপ্রবি ।

পিজিডি ইন আইসিটি প্রোগ্রাম

## মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল- ১৯০২।

# পিজিডি ইন আইসিটি প্রোগ্রামে ১৩তম ব্যাচে

# ভর্তি বিজ্ঞপ্তি

(শুধুমাত্র শুক্রবার ও শনিবার)

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত 'পোষ্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (পিজিডি ইন আইসিটি) প্রোগ্রাম'-এ ভর্তির জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে। আগ্রহী ছাত্র/ছাত্রীদের পিজিডি ইন আইসিটি প্রোগ্রাম-এর অফিসে নির্ধারিত ফি ১০০০/- (এক হাজার টাকা মাত্র) জমা দিয়ে ভর্তি ফরম সংগ্রহ করে ১৮/১০/২০২৫ ইং হতে ১৮/১২/২০২৫ ইং তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবর আবেদন করতে হবে। খামের উপরে বাম কোণায় 'পিজিডি ইন আইসিটি প্রোগ্রাম' কথাটি উল্লেখ করতে হবে।

| | |
|---|---|
| কোর্সের মেয়াদ | ঃ ১ বছর (দুই সেমিষ্টার) |
| আসন সংখ্যা | ঃ ৫০ (পঞ্চাশ) টি। |
| শিক্ষাগত যোগ্যতা | ঃ ডিগ্রী পাশ অথবা স্নাতক সম্মান। |
| ভর্তি ফি এবং কোর্স ফি | ঃ ৩৬,০০০/- ( ছত্রিশ হাজার টাকা মাত্র) । |
| ফরম প্রাপ্তি ও জমার স্থান | ঃ অফিস চলাকালীন সময় (শনিবার হতে বুধবার), পিজিডি ইন আইসিটি প্রোগ্রাম অফিস, পুরাতন একাডেমিক ভবন, মাভাবিপ্রবি। |
| বাছাই পরীক্ষার তারিখ,সময় ও স্থান | ঃ ১৯/১২/২০২৫ ইং শুক্রবার, সকাল ১০.০০-১২.০০ ঘটিকা, আইসিটি বিভাগ, মাভাবিপ্রবি। |
| লিখিত পরীক্ষার বিষয় | ঃ আইসিটি-৫০,গণিত-৩০,ইংরেজি-২০। |
| ভর্তি সময় | ঃ ২১/১২/২০২৫ হতে ০৮/০১/২০২৬ ইং তারিখ পর্যন্ত। |
| ক্লাস শুরু | ঃ ০৯/০১/২০২৬ ইং। |

চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের মধ্যে যারা চাকুরীরত হবেন, তাদের অবশ্যই নিজ নিজ নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতিপত্র ক্লাস শুরুর আগেই নিম্নস্বাক্ষরকারীর নিকট জমা দিতে হবে। অসম্পূর্ণ, বিলম্বে প্রাপ্ত, অথবা কম যোগ্যতাসম্পন্ন আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। ভর্তি সম্পর্কিত যে কোন তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.mbstu.ac.bd) থেকে জানা যাবে।

(প্রফেসর ড. মুহাম্মদ বদরুল আলম মিয়া)
কোর্স কো- অর্ডিনেটর
পিজিডি ইন আইসিটি প্রোগ্রাম, মাভাবিপ্রবি।
মোবাইল- ০১৭১২-৭৯৬৫৬৯,০১৮১৬৩৮৩৮১৫